



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৩৫/৬৫৬৭/৩

তারিখ: ০২.০৯.২০২০খ্রি.

বিষয়: বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। জেলা প্রশাসক কার্যালয়ের স্মারক নং-০৫.৪৫.৬১০০.০২৩.০৯.০০১.১৯.১৮০; তারিখ: ১০/০৩/২০২০ খ্রি.


২। বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৩৫/৩৫১৬/৩; তারিখ: ০২/০৬/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলাধীন বড়গ্রাম মহিউদ্দিন আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলীর বিরুদ্ধে দুর্নীতি, জালিয়াতি, বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাৎ, স্বেচ্ছাচারিতা, নৈতিক চরিত্র অবক্ষয়, ১৪ বছর বয়সে চাকুরিত যোগদান, যোগদানের স্বপক্ষে কোন নিয়োগ বিজ্ঞপ্তি ও নীতিমালা প্রদর্শন করতে না পারা, আলিম ও ফাজিল পরীক্ষায় তৃতীয় বিভাগ, প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের সঠিক হিসাব নিরূপন না রাখা সহ বিভিন্ন অভিযোগের বিষয়ে এলাকাবাসীর পক্ষে জনাব মো: সিদ্দিকুজ্জামান, চেয়ারম্যান, ২নং বড়গ্রাম ইউনিয়ন পরিষদ, ময়মনসিংহ, মুক্তাগাছা, জেলা প্রশাসক, ময়মনসিংহ বরাবর অভিযোগ দাখিল করেন।

উক্ত অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ১ স্মারকের মাধ্যমে অত্র বোর্ডকে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়-অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলী ১৪ বছর বয়সে চাকুরিতে যোগদান করেন কিন্তু যোগদানের স্বপক্ষে কোন নিয়োগ বিজ্ঞপ্তি ও নীতিমালা দাখিল করতে পারেননি। তার দাখিলকৃত সনদে আলিম ও ফাজিল পরীক্ষায় তৃতীয় বিভাগ রয়েছে যা নিয়োগ বিধির সাথে সাংঘর্ষিক। বর্ণিত প্রতিষ্ঠানের জমি লিজ গ্রহিতার সাথে অধ্যক্ষের বক্তব্য অসংগতিপূর্ণ। বর্ণিত প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাবের কোন রেজিস্ট্রার পাওয়া যায়নি। প্রতিষ্ঠানের সাধারণ তহবিল এবং রিজার্ভ ফান্ড নিয়ম বহির্ভূতভাবে পরিচালিত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলীর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, ময়মনসিংহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৪৬ এর (৬) ধারা মোতাবেক কেন তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে অধ্যক্ষকে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানোর পত্রের প্রেক্ষিতে অভিযুক্ত অধ্যক্ষ যে জবাব বোর্ডে দাখিল করেছেন তা সন্তোষজনক নয় বিধায় প্রবিধানমালা ৪১ এর ঘ(২) ধারা ও ৪৬ এর (৬) ধারা মোতাবেক তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০২.০৯.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮




প্রাপক: সভাপতি, (মাদ্রাসা পরিচালনা কমিটি), বড়গ্রাম মহিউদ্দিন আলিম মাদ্রাসা
ডাকঘর: খামারের বাজার, উপজেলা: মুক্তাগাছা, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১৩৫/৬৫৬৭/৩

তারিখ: ০২.০৯.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৪. জেলা শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
৭. অধ্যক্ষ, বড়গ্রাম মহিউদ্দিন আলিম মাদ্রাসা
ডাকঘর: খামারের বাজার, উপজেলা: মুক্তাগাছা, জেলা: ময়মনসিংহ
৮. জনাব মো: সিদ্দিকুজ্জামান (অভিযোগকারী), চেয়ারম্যান, ২নং বড়গ্রাম ইউনিয়ন পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ;
৯. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।


০২/০৯/২০২০

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

